শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় ঃ উপজেলা পরিষদের নভেম্বর, ২০২১ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ ছালেহা বেগম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ ঃ ৩০ নভেম্বর, ২০২১ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং ছাতক-দোয়ারাবাজার নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক মহোদয় সভায় উপস্থিত থাকায় সভার পক্ষ থেকে তাঁকে আন্ত-রিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় শুরুতে অত্র উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম মহোদয়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে প্রস্তাব গ্রহণ এবং তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক দোয়ারাবাজার উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, সংরক্ষিত মহিলা সদস্যগণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও বিভাগীয় কর্মকর্তাগণসহ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি বলেন এ উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম গত ৩০ সেপ্টেম্বর/২১ তারিখে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে শহীদ শামসুদ্দিন হাসপাতালে বেলা ৩.০০ ঘটিকায় মৃত্যুবরণ করেন। এই মহান ব্যক্তি বিগত ২ বছর ৬ মাস অত্যান্ত নিষ্ঠা এবং সততার সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি এমন ব্যক্তি যিনি মহান মুক্তিযোদ্ধের সময় চিকিৎসা সেবার মাধ্যমে আহত বীর মুক্তিযোদ্ধাগণকে সুস্থ করে যুদ্ধক্ষেত্রে প্রেরণ করে মহান স্বাধীনতায় অনবদ্য অবদান রেখেছেন। মুক্তিযুদ্ধের সময় অনেকেই যুদ্ধ না করেও মুক্তিযোদ্ধা হয়েছেন, কিন্তু তিনি সক্রিয় ভূমিকা থাকা সত্বেও সেই সময় তিনি মুক্তিযোদ্ধা তালিকায় নিজের নাম লেখেননি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার যখন মুক্তিযুদ্ধের সময় চিকিৎসক ও অন্যান্য পেশাজীবীকে যুদ্ধে অবদান রাখায় বীর মুক্তিযোদ্ধা হিসাবে অন্তভূক্ত করার সিদ্ধান্ত নিয়েছেন, তখনি তিনি মুক্তিযোদ্ধা হওয়ার আবেদন করেন। তিনি সর্বক্ষেত্রে সততার দৃষ্টান্ত স্থাপন করে গেছেন মর্মে তিনি উল্লেখ করেন। তাঁর একটি শোক সভা আয়োজন করার পরিকল্পনা ছিল অনেক আগেই, কিন্তু ইউনিয়ন নির্বাচনের কারণে করা সম্ভব হয়নি। তাই আগামী মাসে একটি শোক সভা আয়োজন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন প্রায় প্রতি বছরই পাহাড়ী বন্যায় অত্র উপজেলার রাস্তা-ঘাটের ব্যপক ক্ষতি সাধিত হচ্ছে। এসব রাস্তার তালিকা করে মেরামতের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে কয়েকটি রাস্তার কাজ চলছে এবং কয়েকটি রাস্তা টেন্ডার হয়েছে। সড়ক ও জনপথ বিভাগের মাধ্যমে ছাতকে সুরমা ব্রিজের কাজ চলমান রয়েছে, জানুয়ারী/২২ এ ব্রিজ উদ্বোধন করার পরিকল্পনা রয়েছে। ব্রিজের কাজ শেষ হলে এ অঞ্চলের যোগাযোগে অভূত পরিবর্তন হবে। দোয়ারাবাজার-বাংলাবাজার রাস্তা, চকবাজার-লিয়াকতগঞ্জ বাজারসহ আরো কয়েকটি রাস্তার কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া দোয়ারাবাজারে সুরমা নদীতে মুক্তিযোদ্ধা ব্রিজ, খাসিয়ামারা নদী তে ৩টি ব্রিজ, নির্মাণের অনুমোদন পাওয়া হয়েছে। গত অর্থ বছরে অনেকগুলো কাজ টেন্ডার হয়েছে এবং অনেকগুলোর রাস্তা ও ব্রিজের কাজ চলমান রয়েছে। কাজগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন হলে এ অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নতি হবে বলে তিনি উল্লেখ করেন।

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলায় কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ে আধুনিক ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। পর্যায়ক্রমে বাকী বিদ্যালয়গুলোতে আধুনিক ভবন নির্মাণ করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। যেসব বিদ্যালয়ের সীমানা প্রাচীর নেই পর্যায়ক্রমে সকল বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করা হবে। কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়ে ভবনের কাজও চলমান রয়েছে এবং কয়েকটি টেন্ডারের অপেক্ষায় আছে। উপজেলা সদরে টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং স্টেডিয়াম নির্মাণ হলে এ উপজেলা একটি আধুনিক উপজেলা হবে। তিনি উন্নয়নমূলক কাজগুলো যেন টেকসই ভাবে বাস্তবায়ন হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ জানান।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>০১</td>
<td>যোগাযোগ ও ভৌত অবকাঠামো</td>
<td>ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২১- ২০২২ অর্থ বছরে এডিপির ১ম কিস্তি ২৯.০১ লক্ষ টাকা পাওয়া গেছে, ৪ কিস্তিতে মোট ১১৬.০৪ পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের ৪০.০০ লক্ষ টাকাসহ মোট ১৫৬.০৪ লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করা যাবে। তিনি দ্রুত প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উক্ত টাকার প্রকল্প গ্রহণ করার অনুরোধ জানান। তিনি আরো বলেন গত ২০২০-২১ অর্থ কন্তারগাঁও হতে নেতইছই সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত একটি রাস্তা পাকাকরণের প্রকল্প গ্রহণ করে টেন্ডার দেওয়া হয়েছিল। কিন্তু ঐ অর্থ বছরে বরাদ্দ পর্যাপ্ত না থাকায় প্রায় ৪,২৬,২৩০/- টাকা ঠিকাদারকে পরিশোধ করা সম্ভব হয়নি। তিনি ২০২০-২১ অর্থ বছরের কন্তারগাঁও হতে নেতইছই নেতইছই সরকারী প্রাথমিক বিদ্যালয় রাস্তার বকেয়া বিল চলমান অর্থ বছরের বরাদ্দ হতে পরিশোধ করার অনুরোধ জানান।</td>
<td>ক) মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউ/পি চেয়ারম্যানগণের প্রস্তবনা ও এবং স্থায়ী কমিটির প্রস্তাবে ভিত্তিতে উপজেলা প্রকল্প বাছাই কমিটি নিম্নোক্ত প্রকল্পসমূহ এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য দ্রুত প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।
<br><br>
<u>বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পসমূহ</u>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>০১</td><td>আফজ্বরনগর ঢালারপাড় রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন</td><td>৭,৭৬,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০২</td><td>পানাইল ছাদেক মিয়ার ব্রিজ হতে উপস্বাস্থ্য কেন্দ্র পর্যন্ত রাস্তা পাকাকরণ।</td><td>৮,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>০৩</td><td>টেংরা মাধ্যমিক বিদ্যালয়ের সিড়ি নির্মাণ</td><td>২৬,০০,০০০/</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০৪</td><td>রোছমত আলী রামসুন্দর স্কুল এন্ড কলেজের গেইট নির্মাণ</td><td>৫,৮৬,৩০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>০৫</td><td>চন্ডিপুর বীর মুক্তিযোদ্ধা রমিজ আলী বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন</td><td>২৮,৪৮,১০০/</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০৬</td><td>২০২০-২১ অর্থ বছরের কন্তারগাঁও হতে নেতইছই সঃপ্রাঃবিঃ রাস্তার বকেয়া বিল পরিশোধ</td><td>৪,২৬,২৩০/-</td><td>টেন্ডারকৃত</td></tr>
<tr><td>০৭</td><td>উত্তর চাইরগাঁও গ্রামের রাস্তা পাকাকরণ</td><td>৯,৯৪,৭০০/</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০৮</td><td>ভোলাখালী ব্রিজের এপ্রোচ আরসিসি দ্বারা উন্নয়ন</td><td>১৫,৫৫,১০০/</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০৯</td><td>চকবাজার সঃ প্রাঃ বিঃ হতে সফিকুর রহমানের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ।</td><td>৭,৭৬,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>১০</td><td>বিমল বাবুর বাড়ী হতে নৈনগাঁও হিন্দু পাড়া রাস্তা নির্মাণ</td><td>৭,৭৬,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
</table>
মোট - ১,২১,৩৮,৪৩০/-
<br><br>
উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের প্রকল্পসমূহ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>টেবলাই মাদ্রাসার গেইট নির্মাণ</td><td>৩,১০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০২</td><td>ভাঙ্গাপাড়া হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন</td><td>২৩,০০,০০০/</td><td>টেন্ডার (LTM)</td></tr>
</table>
</td>
<td>উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ।</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>০১</td>
<td>যোগাযোগ ও ভৌত অবকাঠামো</td>
<td>খ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ ম্যানুয়াল এর নির্দেশনা মতে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে বাস্তবায়নের জন্য প্রকল্পসমূহ খাতভিত্তিক বিভাজন অনুসরণ করার অনুরোধ জানান।<br><br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এ দোয়ারাবাজার সদর ইউনিয়নে ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণ করা হয়। ইউনিয়নের ৯টি কেন্দ্রের মধ্যে পরমেশ্বরীপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ না থাকায় খুব দ্রুত বিদ্যালয় ওয়ারীংসহ বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। এতে কাজের মজুরীসহ ৩০,০০৫/- টাকা এবং ৭.৫% ভ্যাট ২,২৫০/- টাকা, ৩% আয়কর ৯০০/- টাকাসহ সর্বমোট ৩৩,১৫৫/- টাকা তিনি উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।</td>
<td>উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের প্রকল্পসমূহ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০৩</td><td>শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয়ের রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন</td><td>৭,২৩,৮০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০৪</td><td>আননপাড়া ঈদগাহ রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন</td><td>২,৮৭,৬০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০৫</td><td>হত দরিদ্রদের মাঝে সেলাই মেশিন বিতরণ</td><td>৩,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
</table>
মোট- ৩৯,২১,৪০০/- টাকা<br><br>
বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>আমবুল আলমের নতুন বাড়ী হতে নরসিংপুর বাজার রাস্তা পাকাকরণ</td><td>২৩,৭৭,৭৬১/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>০২</td><td>নরসিংপুর বাজার হতে রগারপাড় রাস্তা পাকাকরণ</td><td>১৮,১৮,০০০/</td><td>টেন্ডার (LTM)</td></tr>
</table>
মোট - ৪১,৯৫,৭৬১/- টাকা<br><br>
গ) ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এ দোয়ারাবাজার সদর ইউনিয়নে ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণে পরমেশ্বরীপুর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়ারীংসহ বিদ্যুৎ সংযোগ প্রদানে কাজের মজুরীসহ ৩০,০০৫/- টাকা এবং ৭.৫% ভ্যাট ২,২৫০/- টাকা, ৩% আয়কর ৯০০/- টাকাসহ সর্বমোট ৩৩,১৫৫/- টাকা উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে বিল ভাউচারের মাধ্যমে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী দোয়ারা বাজার সুনামগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০২</td>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন</td>
<td>ক) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় এ উপজেলায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য ১০.০০ লক্ষ টাকার বিপরীতে স্থায়ী কমিটিসমূহ হতে প্রস্তাবনা পাওয়া গেছে। তিনি প্রস্তাবসমূহ সভায় উপস্থাপন করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>১। প্রাতিষ্ঠানিক ডেলিভারি সেবাবৃদ্ধি এবং এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে মাতৃমৃত্যু হ্রাসে প্রাতিষ্ঠানিক প্রসবের গুরুত্ব সম্পর্কে প্রশিক্ষণ।<br>২। কিশোরকালীন পুষ্টি, বয়ঃসন্ধিকালীন পরিবর্তন, বাল্য বিবাহ ও আত্মরক্ষা বিষয়ক সচেতনতা মূলক প্রশিক্ষণ।<br>৩। ইউনিয়ন পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের হাউজ ওয়ারিং প্রশিক্ষণ।<br>৪। মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, হিসাবরক্ষণ নির্দেশিকা এবং শিক্ষকগণের চাকরি বিধি</td>
<td></td>
</tr>
</table>

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন | | বিষয়ক প্রশিক্ষণ।<br>৫। ভূমি বিষয়ক সেবা সহজীকরণ ও সচ্ছতা নিশ্চিতকরণ, সেবা প্রত্যাশি ও সংশ্লিষ্ট সকলকে নিয়ে গুরুত্বপূর্ণ ভূমি সেবা এবং সায়রাত মহাল ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>৬। ই-নথি কর্মকান্ডকে গতিশীল ও বিভিন্ন সরকারি এপস্ ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা দ্রুততর করার লক্ষ্যে উপজেলার বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ। | |
| | | **খ)** উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় এ উপজেলায় অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পের জন্য ৪০.০০ লক্ষ টাকার বিপরীতে স্থায়ী কমিটিসমূহ হতে প্রস্তাবনা পাওয়া গেছে। তিনি প্রস্তাবসমূহ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীর সংখ্যা বেশী হওয়ায় শিক্ষার্থীগণের আসনে সমস্যা রয়েছে বিধায় তিনি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বেঞ্চ সরবরাহের অনুরোধ জানান। | **খ)** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ৪০.০০ লক্ষ টাকায় অত্র উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চ এবং ২০টি মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহের জন্য অবকাঠামোমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | **ক)** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ১ম পর্যায়ে নগদ টাকা ৩৩,৩৬,২২৯.৯৫ টাকা, ৭০.৫৯৩৬ মেঃ টন চাল এবং ৭০.৫৯৩৬ মেঃ টন গম এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ১ম পর্যায় ১৭,৮৩,৭৯৬.০৭/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। তবে ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এর কারণে প্রকল্প দাখিল করা হয়নি মর্মে তিনি উল্লেখ করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন যেহেতু নির্বাচন সমাপ্ত হয়েছে এবং নতুন পরিষদের এখনও গেজেট প্রকাশ হয়নি, তাই চলমান পরিষদ প্রকল্প দাখিল করার অনুরোধ জানান। | **ক)** গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ১ম পর্যায়ে নগদ টাকা ৩৩,৩৬,২২৯.৯৫ টাকা, ৭০.৫৯৩৬ মেঃ টন চাল এবং ৭০.৫৯৩৬ মেঃ টন গম এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ১ম পর্যায় ১৭,৮৩,৭৯৬.০৭/- টাকা বরাদ্দের বিপরীতে প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | **খ)** উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন চলমান অর্থ বছরে গৃহহীনদের গৃহ নির্মাণ প্রকল্পে দোয়ারাবাজার উপজেলা ১২৮ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। গৃহগুলো কয়েকটি জায়গায় গুচ্ছ গ্রামের মত করে নির্মাণ করা হবে। ইতিমধ্যে সুরমা ইউনিয়নের ভূজনা গ্রামে প্রায় ৩০টি গৃহ নির্মাণ করার ব্যবস্থা | **খ)** প্রাক্কলন ও ডিজাইন অনুসারে গৃহ নির্মাণ করার এবং উপকারভোগী হতে কেউ যেন কোন প্রকার অর্থ গ্রহণ না করতে পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | গ্রহণ করা হয়েছে। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে গৃহ নির্মাণের ভূত্তিপ্রস্তর স্থাপন করার অনুরোধ জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা গৃহহীনদের গৃহ প্রদানের জন্য প্রকল্প গ্রহণ করেছেন। প্রাক্কলন অনুসারে গৃহ নির্মাণ করার এবং গৃহহীন হতে কোন প্রকার টাকা পয়সা যেন কেউ গ্রহণ করতে না পারে সেদিকে কঠোর নজর রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | | |
| ০৪ | জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন ২০২১-২২ অর্থ বছরে এ উপজেলায় টিউবওয়েল স্থাপনের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নের ২৬ টি টিউবওয়েলের মধ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয় ১৩টি এবং উপজেলা পরিষদ ১৩টি টিউবওয়েল তালিকা প্রদান করবেন মর্মে তিনি উল্লেখ করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ০৫ টি, ভাইস চেয়ারম্যান ০১টি এবং ইউনিয়ন পরিষদ ০৭ টির তালিকা প্রদান করার অনুরোধ জানান। | দোয়ারাবাজার উপজেলায় বরাদ্দকৃত টিউবওয়েল মধ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান ০৫ টি, ভাইস চেয়ারম্যান ০১টি এবং ইউনিয়ন পরিষদ ০৭ টির তালিকা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, দোয়ারা বাজার |
| ০৫ | আইন শৃংখলা | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), দোয়ারাবাজার বলেন এ উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব ভূমি ও নিজস্ব ভবন না থাকায় অফিসের কাজকর্ম করতে সমস্যা হচ্ছে। তাই অফিস ভবন ও অন্যান্য ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্তরে ০.১৫ শতাংশ জায়গার প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ চত্তরে ০.১৫ শতাংশ জায়গা প্রদান করার অনুরোধ জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন উপজেলা ফায়ার সার্ভিস ভবনের পশ্চিম পাশে ০.১৫ শতাংশ জায়গা প্রদান করা যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন। | দোয়ারাবাজার উপজেলায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অফিস ভবন ও অন্যান্য ভবন নির্মাণের জন্য উপজেলা ফায়ার সার্ভিস ভবনের পশ্চিম পাশে ০.১৫ শতাংশ জায়গা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২১-২২ অর্থ বছরের অক্টোবর/২১ মাসে মোট ১২ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন অক্টোবর/২১ অর্থ বছরের ডিসেম্বর/২০ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | রাজস্ব তহবিল সংক্রান্ত | জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান। | | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| | | খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ অক্টোবর/২১ মাসের উপজেলা পরিষদচেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৭.৫% ভ্যাট ২,০২৫/- টাকা ও ২% আয়কর ৫৪০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৫% ভ্যাট ২২৬/- টাকা ও ২% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | খ) উপজেলা পরিষদের অক্টোবর/২১ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় জাতীয় দিবস উদযাপনে ১.০০ লক্ষ টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক মহান বিজয় দিবস/২০২১ উদযাপনে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা অগ্রিম প্রদানের জন্য অনুরোধ জানান। | গ) মহান বিজয় দিবস/২০২১ উদযাপনে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা অগ্রিম প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার উপজেলাধীন দোয়ারাবাজার সদর জামে মসজিদে মুয়াজ্জিন হাফিজ মাওঃ জাকারিয়া, পিতা- মাওঃ মকব্দছ আলী, গ্রাম- হাসনাবাদ, ইউপি কালারুকা, ছাতক, সুনামগঞ্জ কর্মরত আছেন। বর্তমানে তাঁর স্ত্রী সন্তান সম্ভবা হওয়ায় ডাক্তার সিজারের জন্য পরামর্শ প্রদান করেছেন। তাই সিজার করতে তার আর্থিক সমস্যা রয়েছে মর্মে আবেদন করেছেন। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫,০০০/- টাকা প্রদান করার অনুরোধ জানান। | ঘ) দোয়ারাবাজার উপজেলাধীন দোয়ারাবাজার সদর জামে মসজিদে মুয়াজ্জিন হাফিজ মাওঃ জাকারিয়া, পিতা- মাওঃ মকব্দছ আলী, গ্রাম- হাসনাবাদ, ইউপি কালারুকা, ছাতক, সুনামগঞ্জ এর স্ত্রী সন্তান সম্ভবা হওয়ায় ডাক্তার সিজারের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫,০০০/- টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের প্রয়াত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম শোক সভা ১৩ ডিসেম্বর/২১ মাসে অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত শোক সভা | ঙ) উপজেলা পরিষদের প্রয়াত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম শোক সভা আয়োজনে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত। | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আয়োজনে উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | | |
| | | চ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ ভবনের ছাদ নষ্ট হওয়ার বর্ষা মৌসুমে ছাদ ভেয়ে পানি পড়ে। তাই ছাদটি মেরামত করা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন। | চ) উপজেলা পরিষদ ভবনের ছাদ নষ্ট হওয়ার ছাদটি মেরামত করার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের জীপ গাড়ীর কিছু মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হওয়ায় সেগুলো ক্রয় ও প্রতিস্থাপন করা হয়। এতে মোট ৪৩,৬৫০/- টাকার ভ্যাট ২,১৮৩/- টাকা এবং মুজুরী ৫,০০০/- টাকাসহ মোট ৫০,৮৩৩/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ছ) উপজেলা পরিষদের জীপ গাড়ীর কিছু মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হওয়ায় সেগুলো ক্রয় ও প্রতিস্থাপনেমোট ৪৩,৬৫০/- টাকার ভ্যাট ২,১৮৩/- টাকা এবং মুজুরী ৫,০০০/- টাকাসহ মোট ৫০,৮৩৩/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

09/12/21

( ছালেহা বেগম )
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা।

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২০-১২৬

তারিখ ঃ- ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৫। জনাব/বেগম ............................................, ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ....................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। জনাব.............................................................................................।
৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১০। সংরক্ষণ নথি

09/12/2021

(দেবাংশু কুমার সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।
e-mail : unodowarabazar@ mopa.gov.bd
ফোন ঃ ০৮৭২৬-৫৬০০৩